ইত্তেফাক

তারিখ 30 JAN 1986
পৃষ্ঠা 12 কলাম 5



# ৩১শে জানুয়ারীর মধ্যে পাঠ্যপুস্তক সরবরাহ সম্পন্ন হইবে

(ইত্তেফাক রিপোর্ট)

প্রথমবারের মত এই বছর সারা দেশে মাধ্যমিক ও প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের হাতে জানুয়ারী মাসেই পাঠ্যবই পৌছিয়া গিয়াছে। শিক্ষা উপমন্ত্রী জনাব জিয়াউদ্দিন আহমদ বাবলু গতকাল বুধবার সচিবালয়স্থ স্বীয় অফিসকক্ষে সাংবাদিকদের একথা জানান। তিনি বলেন দেশের ৮৯ লক্ষ প্রাথমিক বিদ্যালয়ে এই পর্যন্ত বিনা মূল্যে সোয়া তিন কোটি পাঠ্যপুস্তক সরবরাহ করা হইয়াছে। ইউনিসেফের কাগজের মূল্যসহ ইহাতে সরকারের প্রায় ২০ কোটি টাকা খরচ হইবে। ইহাছাড়া, চলতি সনে ৬ষ্ঠ হইতে ৯ম শ্রেণী পর্যন্ত মোট ৭৬ লক্ষ বই ছাপা হইয়াছে। ৩১শে জানুয়ারী নাগাদ সারাদেশে পাঠ্যপুস্তক সরবরাহ কাজ সম্পন্ন হইবে।

এক প্রশ্নের জবাবে জনাব জিয়াউদ্দিন আহমদ বাবলু জানান, "বিনামূল্যের কোন বই যাহাতে খোলাবাজারে বিক্রয় না হয়, সেদিকে সতর্ক দৃষ্টি রাখা হইবে।" অপর প্রশ্নের জবাবে শিক্ষা উপমন্ত্রী জানান, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ ৩ বছরে অনার্স এবং ১ বছরে এম,এ, পাস করুক সরকার আন্তরিকভাবে ইহাই কামনা করেন। বর্তমান সরকার বিশ্ববিদ্যালয় সমূহকে বিচারালয়ের মত পবিত্র স্থান মনে করেন বলিয়া উল্লেখ করিয়া তিনি জানান, তুলনামূলকভাবে গত কয়েক মাসে বিশ্ববিদ্যালয় পরিস্থিতির অনেক উন্নতি হইয়াছে। সাবেক ভাইস চ্যান্সেলর শামসুল হক কোন অস্বাভাবিক পরিস্থিতিতে পদত্যাগ করেন নাই—স্বাস্থ্যগত এবং ব্যক্তিগত কারণে অব্যাহতি লইয়াছেন।